^{*} মহাত্মাজির অনশন ব্রত আরম্ভ করিবার দিনে আশ্রমবাদী-গণের নিকট অভিভাষণ।

আহ্বানে যে মুহুর্ত্তে তারা নেপথ্যে সরে দাঁড়ায় তথনই ইট কাঠের ভগ্নস্থপে পুঞ্জীভূত হয় তাদের কীর্ত্তির আবর্জনা। আর যাঁরা সত্যের বলে বিজয়ী তাঁদের আধিপত্য তাঁদের আয়ুকে অতিক্রম ক'রে দেশের মর্মস্থানে বিরাজ করে।

দেশের সমগ্র চিত্তে যাঁর এই অধিকার তিনি সমস্ত দেশের হয়ে আজ আরো একটি জয়্যাত্রায় প্রবৃত্ত হয়েচেন চরম আত্মোৎসর্গের পথে। কোন্ তুর্রহ বাধা তিনি দূর করতে চান, যার জস্তে তিনি এত বড়ো মূলা দিতে কুষ্ঠিত হলেন না সেই কথাটি আজ আমাদের স্তর্ক হয়ে চিন্তা করবার দিন।

আমাদের দেশে একটি ভয়ের কারণ আছে। যে পদার্থ মানসিক তাকে আমরা বাহ্যিক দক্ষিণা দিয়ে সুলভ সম্মানে বিদায় করি। চিহ্নকে বড়ো করে তুলে সত্যকে থর্ব করে থাকি। আজ দেশনেভারা স্থির করেচেন যে, দেশের লোকেরা উপবাস করবে। আমি বলি এতে দোষ নেই, কিন্তু ভয় হয় মহাত্মাজি যে প্রাণপণ মূল্যের বিনিময়ে সত্যকে লাভ করবার চেষ্ঠা করচেন তার তুলনায় আমাদের কৃত্য নিতান্ত লঘু এবং বাহ্যিক হয়ে পাছে লজ্জা বাড়িয়ে ভোলে। হৃদয়ের আবেগকে কোনো একটা অস্থায়ী দিনের সামান্ত তুঃখের লক্ষণে ক্ষীণ রেখায় চিহ্নিত করে কর্ত্ব্য মিটিয়ে দেবার মতো তুর্ঘটনা যেন না ঘটে।

আমরা উপবাসের অনুষ্ঠান করব কেননা মহাত্মাজি উপবাস করতে বসেচেন, এই ছটোকে কোনো অংশেই যেন একত্রে তুলনা করবার মূঢ়তা কারো মনে না আসে। এ ছটো একেবারেই এক জিনিষ নয়। তাঁর উপবাস, সে তো অমুষ্ঠান নয়, সে একটি বাণী, চরম ভাষার বাণী। মৃত্যু তাঁর াসেই বাণীকে সমগ্র ভারতবর্ষের কাছে, বিশ্বের কাছে ঘোষণা করবে, চিরকালের মতো। সেই বাণীকেই যদি গ্রহণ করা আমাদের কর্দ্তব্য হয় তবে তা যথোচিতভাবে করতে হবে। তথ্যার সত্যকে তপস্থার দ্বারাই অন্তবে গ্রহণ করা চাই।

আজ তিনি কী বল্চেন সেটা চিন্তা করে দেখো। পৃথিবীময় মানব ইতিহাসের আরম্ভকাল থেকে দেখি একদল মারুষ আরেক দলকে নীচে ফেলে তার উপর দাঁড়িয়ে নিজের উন্নতি প্রচার করে। আপন দলের প্রভাবকে প্রতিষ্ঠিত <mark>করে</mark> অক্স দলের দাসত্বের উপবে। মামুষ দীর্ঘকাল ধরে এই কাঞ্চ করে এদেচে কিন্তু তবু বল্ব এটা অমানুষক। তাই দাস-নির্ভরতার ভিত্তির উপরে মান্থ্যের ঐশ্বর্যা স্থায়ী হতে পারে এতে কেবল যে দাসেদের তুর্গতি হয় তা নয় প্রভুদেরও এতে বিনাশ ঘটায়। যাদের আমরা অপমানিত করে পায়ের তলায় ফেলি তারাই আমাদের সম্মুখ পথে পদক্ষেপের বাধা। তারা গুরুভারে আমাদের নীচের দিকে টেনে রাখে। যাদের আমর। তীন করি ভারা ক্রমশই মামাদের হেয় করে। মামুষ-খেগে। সভ্যতা রোগে জীর্ণ হবে, মরবে। মামুষের দেবতার এই বিধান। ভারতবর্ষে মানুষোচিত সম্মান থেকে যাদের আমরা বঞ্চিত করেচি তাদের অগৌরবে আমরা সমস্ত ভারতবর্ষের অগৌরব ঘটিয়েচি।

আজ ভারতে কত সহস্র লোক কারাগারে রুদ্ধ বন্দী।
মান্ত্র হয়ে পশুর মতোতারা পীড়িত অবমানিত। মান্ত্রের এই
পূঞ্জীভূত অবমাননা সমস্ত রাজ্যশাসনতম্বকে অপমানিত করচে,
তাকে গুরুভারে হুরুহ করচে। তেমনি আমরাও অসম্মানের
বেড়ার মধ্যে বন্দী করে রেখেচি সমাজের বৃহৎ একদলকে।
তাদের হীনতার ভার বহন করে আমরা এগোতে পারচিনে।

বন্দীদশা শুধু তো কারাপ্রাচীরের মধ্যে নয়। মান্নুষের অধিকার সংক্ষেপ করাই তো বন্ধন। সম্মানের থর্বভার মতো কারাগার তো নেই। ভারতবর্ষে সেই সামাজিক কারাগারকে আমরা থণ্ডে থণ্ডে বড়ো করেচি। এই বন্দীর দেশে আমরা মুক্তি পাব কী করে ? যারা মুক্তি দেয় ভারাই তো মুক্ত হয়।

এতদিন এইভাবে চলছিল—ভালো করে বুঝিনি আমরা কোথায় তলিয়ে ছিলাম। সহসা ভারতবর্ষ আজু মুক্তির সাধনায় জেগে উঠল। পণ করলাম চিরদিন বিদেশী শাসনে মুমুমুম্বকে পঙ্গু করে রাখার এ ব্যবস্থা আর স্বীকার করব না। বিধাতা ঠিক সেই সময়ে দেখিয়ে দিলেন কোথায় আমাদের পরাভবের অন্ধকার গহররগুলো। আজু ভারতে মুক্তি-সাধনার তাপস যাঁরা তাঁদের সাধনা বাধা পেল তাদেরই কাছ থেকে যাদের আমরা অকিঞ্ছিৎকর করে রেখেচি। যারা ছোটো হয়ে ছিল তারাই আজু বড়োকে করেচে অকুতার্থ। তুচ্ছ বলে যাদের আমরা মেরেচি তারাই আমাদের সকলের চেয়ে বড়ো মার মারচে।

এক ব্যক্তির সঙ্গে আর এক ব্যক্তির শক্তির স্বাভাবিক উচ্চনীচতা আছে। জাতিবিশেষের মধ্যেও তেমন দেখা যায়। উন্নতির পথে সকলে সমান দূর এগোতে পারেনি। সেইটেকে উপলক্ষ্য করে সেই পশ্চাদ্বর্ত্তীদেরকে অপমানের হুর্লজ্ব্য বেড়া তুলে দিয়ে স্থায়ীভাবে যখনি পিছিয়ে রাখা যায় তখনি পাপ জমা হয়ে ওঠে। তখনি অপমান বিষ দেশের এক অঙ্গ থেকে সর্ব্ব অঙ্গে সঞ্চারিত হতে থাকে। এমনি করে মান্তবের সম্মান থেকে যাদের নির্ব্বাসিত করে দিলুম তাদের আমরা হারালুম। আমাদের হুর্ব্বলতা ঘটল সেইখানেই, সেইখানেই শনির রক্ষু। এই রক্ষু দিয়েই ভারতবর্ষের পরাভব তাকে বারে বারে নত করে দিয়েচে। তার ভিতের গাঁথুনি আল্গা,আঘাত পাবামাত্র ভেঙে ভেঙে পড়েচে। কাল-ক্রমে যে ভেদ দূর হতে পারত তাকে আমরা চেষ্টা করে সমাজ-রীতির দোহাই দিয়ে স্থায়ী করে তুলেচি। আমাদের রাষ্ট্রিক মুক্তিসাধনা কেবলি ব্যর্থ হচেচ এই ভেদবুদ্ধির অভিশাপে।

ষেখানেই একদলের অসম্মানের উপর আর-এক দলের সম্মানকে প্রতিষ্ঠিত করা হয় সেইখানেই ভারসামঞ্জন্ত নষ্ট হয়ে বিপদ ঘটে। এর থেকেই বোঝা যায় সামাই মানুষের মূলগত ধর্ম। য়ুরোপে এক রাষ্ট্রজাতির মধ্যে অক্তা ভেদ যদি বানা থাকে শ্রেণীভেদ আছে। শ্রেণীভেদে সম্মান ও সম্পদের পরিবেষণ সমান হয় না। সেখানে তাই ধনিকের সঙ্গে কর্মিকের অবস্থা যতই অসমান হয়ে উঠ্চে ততই সমাজ টলমল করচে। এই অসাম্যের ভারে সেখানকার সমাজব্যবস্থা প্রত্যই পীড়িত হচ্চে। যদি সহজে সাম্য স্থাপন হয় তবেই রক্ষা, নইলে নিজ্তি নেই। মানুষ যেখানেই মানুষকে পীড়িত করবে সেখানেই তার সমগ্র মনুষ্যুত্ব আহত হবেই, সেই আঘাত মৃত্যুর দিকেই নিয়ে যায়।

সমাজের মধ্যেকার এই অসামা এই অসম্বানের দিকে
মহাত্মাজি অনেক দিন থেকে আমাদের লক্ষ্য নির্দেশ
করেচেন। তবুও তেমন একাস্ত চেষ্টায় এই দিকে আমাদের
সংস্কার কার্য্য প্রবর্ত্তিত হয়নি। চরখা ও খদ্দরের দিকে
আমরা মন দিয়েচি, আর্থিক তুর্গতির দিকে দৃষ্টি পড়েচে কিন্তু
সামাজিক পাপের দিকে নয়। সেইজক্ষেই আজ এই তুঃখের
দিন এল। আর্থিক তুঃখ অনেকটা এসেচে বাইরে থেকে, তাকে
ঠেকানো একাস্ত কঠিন না হতে পারে। কিন্তু যে সামাজিক
পাপের উপর আমাদের সকল শক্রের আশ্রয়, তাকে উৎপাটন

করতে আমাদের বাজে, কেননা তার উপরে আমাদের মমছ।
সেই প্রশ্নয়প্রাপ্ত পাপের বিরুদ্ধে আজ মহাত্মা চরম যুক্ষ
ঘোষণা করে দিলেন। আমাদের হুর্ভাগ্যক্রমে এই রণক্ষেত্রে
তাঁর দেহের অবসান ঘটতেও পারে কিন্তু সেই লড়াইয়ের
ভার তিনি আমাদের প্রত্যেককে দান করে যাবেন। যদি
তাঁর হাত থেকে আজ আমরা সর্ব্রান্তঃকরণে সেই দান
গ্রহণ করতে পারি তবেই আজকের দিন সার্থক হবে। এত
বড়ো আহ্বানের পরেও যারা একদিন উপবাস ক'রে তার
পরদিন হতে উদাসীন থাকবে, তারা হুঃখ থেকে যাবে হুঃখে,
ছর্ভিক্ষ থেকে ছর্ভিক্ষে। সামান্ত কুচ্ছু সাধনের দারা সত্যসাধনার অবমাননা যেন না করি।

মহাত্মাজির এই ব্রত আমাদের শাসনকর্ত্তাদের সংকল্পকে কী পরিমাণে ও কী ভাবে আঘাত করবে জানিনে, আজ সেই পোলিটিকাল তর্ক অবতারণার দিন নয়। কেবল একটা কথা বলা উচিত বলে বল্ব। দেখতে পাচ্চি মহাত্মাজির এই চরম উপায় অবলম্বনের অর্থ অধিকাংশ ইংরেজ বুঝতে পারচেন না। না পারবার একটা কারণ এই যে মহাত্মাজির ভাষা তাঁদের ভাষা নয়। আমাদের সমাজের মধ্যে সাংঘাতিক বিচ্ছেদ ঘটাবার বিরুদ্ধে মহাত্মাজির এই প্রাণপণ প্রয়াস তাঁদের প্রয়াসের প্রচলিত পদ্ধতির সঙ্গে মেলে না বলেই এটাকে প্রয়াসের প্রচলিত পদ্ধতির সঙ্গে মেলে না বলেই এটাকে এত অন্তুত বলে মনে হচ্চে। একটা কথা তাঁদের স্মন্ত্রণ করিয়ে দিতে পারি—আয়র্লণ্ড যখন ব্রিটিশ ঐক্যবন্ধন থেকে স্বতন্ত্র হবার চেষ্টা করেছিল তখন কী বীভংম ব্যাপার ঘটেছিল। কত রক্তপাত, কত অমামুষিক নিষ্ঠুরতা। পলিটিক্সে এই হিংস্র পদ্ধতিই পশ্চিম মহাদেশে অভ্যস্ত: সেই কারণে আয়র্লণ্ডে রাষ্ট্রক প্রশ্নাসের এই রক্তাক্ত মূর্ত্তি তো কারো কাছে, অস্তুত

় অধিকাংশ লোকেব কাছে, আর যাই হোক্, অন্তুত বলে মনে হয় নি। কিন্তু অভূত মনে হচ্চে মহাত্মাজির অহিংস্র আত্মত্যাগী প্রয়াদের শান্তমূর্ত্তি। ভারতবর্ষের অবমানিত জাতির প্রতি মহাত্মাজির মমত। নেই এত বড়ো অমূলক কথা মনে স্থান দেওয়া সম্ভব হয়েচে তার কাবণ এই যে, এই ব্যাপারে তিনি আমাদের রাজসিংহাসনের উপর সঙ্কটের ঝড় বইয়ে দিয়েচেন। রাজপুরুষদের মন বিকল হয়েচে বলেই এমন কথা তাঁরা কল্পনা করতে পেরেচেন। এ-কথা বুঝতে পারেন নি রাষ্ট্রক সন্ত্রাঘাতে হিন্দুসমাজকে দ্বিখণ্ডিত হতে দেখা হিন্দুর পক্ষে মৃত্যুর চেয়ে কম বিপদের নয়। একদা বাহির থেকে কোনো তৃতীয়পক্ষ এসে যদি ইংলতে প্রটেষ্টান্ ও রোমান্-ক্যাথলিকদের এইভাবে সম্পূর্ণ বিভক্ত করে দিত তাহলে সেখানে একটা নরহত্যার ব্যাপার ঘট। অসম্ভব ছিল না। এখানে হিন্দু-সমাজের পরম সঙ্কটের সময় মহাত্মাজির দ্বারা সেই বহুপ্রাণঘাতক যুদ্ধের ভাষান্তর ঘটেচে মাত্র। প্রটেষ্টান্ট্ ও রোমান্-ক্যাথলিকদের মধ্যে বহুদীর্ঘকাল যে অধিকারভেদ চলে এসেছিল সমাজই আজ স্বয়ং তার সমাধান করেচে, সে জত্যে তুর্কির বাদশাকে ডাকে নি। আমাদের দেশের সামাজিক সমস্তা সমাধানের ভার আমাদের পরেই থাকার প্রয়োজন क्रिल।

রাষ্ট্রব্যাপারে মহাত্মাজি যে অহিংস্রনীতি এতকাল প্রচার করেচেন, আজ তিনি সেই নীতি নিজের প্রাণ দিয়ে সমর্থন করতে উন্নত এ কথা বোঝা অত্যস্ত কঠিন বলে আমি মনে করিনে।

শান্তিনিকেতন ৪ঠা আশ্বিন, ১৩৩৯।

মহাত্মাজির শেষ ব্রত

রবীন্দ্রনাথ ঠাকুর

(শান্তিনিকেতনে আহুত পল্লিবাসীদের প্রতি)

যুগে যুগে দৈবাৎ এই সংসারে মহাপুরুষের আগমন হয়। সব সময় তাঁদের দেখা পাইনে। যখন পাই সে আমাদের সৌভাগ্য। আজকের দিনে ছঃখের অন্ত নেই, কত পীড়ন, কত দৈল্ঞ, কত রোগ শোক তাপ আমরা নিত্য ভোগ কর্চি, ছঃখ জমে উঠেচে রাশি রাশি। তবু সব ছঃখকে ছাড়িয়ে গেছে আজ এক আনন্দ। যে মাটিতে আমরা বেঁচে আছি, সঞ্চরণ কর্চি, সেই মাটিতেই একজন মহাপুরুষ, যাঁর তুলনা নেই, তিনি ভারতবর্ষে জন্মগ্রহণ করেচেন।

যাঁরা মহাপুরুষ তাঁরা যখন আসেন, আমরা ভালো করে চিনতে পারিনে তাঁদের। কেননা, আমাদের মন ভীরু, অস্বচ্ছ, স্বভাব শিথিল, অভ্যাস তুর্বল। মনেতে সেই সহজ শক্তি নেই যাতে করে মহৎকে সম্পূর্ণ বুঝতে পারি, গ্রহণ করতে পারি। বারে বারে এমন ঘটেচে, যাঁরা সকলের বড়ো, তাঁদেরই সকলের চেয়ে দূরে ফেলে রেখেচি।

যাঁর। জ্ঞানী, গুণী, কঠোর তপস্বী, তাঁদের বোঝা সহজ নয়; কেননা আমাদের জ্ঞান বৃদ্ধি সংস্থার তাঁদের সঙ্গে মেলে না। কিন্তু একটা জিনিষ বৃষতে কঠিন লাগে না, সেটা ভালোবাসা। যে মহাপুরুষ ভালোবাসা দিয়ে নিজের পরিচয় দেন, তাঁকে আমাদের ভালোবাসায় আমরা একরকম

করে বৃঝতে পারি। সেজন্মে ভারতবর্ষে এই এক আশ্চর্য্য ঘটনা ঘটল, যে, এবার বুঝেচি। এমনটি সচরাচর ঘটে না। যিনি আমাদের মধ্যে এসেচেন তিনি অত্যন্ত উচ্চ, অত্যন্ত মহং। তবু তাঁকে স্বীকার করেচি, তাঁকে জেনেচি। সকলে বুঝেচে, তিনি আমার। তার ভালোবাসায় উচ্চনীচের ভেদ নেই, মূর্থ-বিদ্বানের ভেদ নেই, ধনী দরিক্তের ভেদ নেই। তিনি বিতরণ করেচেন সকলের মধ্যে সমানভাবে তাঁর ভালোবাসা। তিনি বলেটেন, সকলের কল্যাণ হোক, সকলের মঙ্গল হোক। यা বলেচেন শুধু কথায় নয়, বলেচেন ছঃখের বেদনায়। কত পীড়া, কত অপমান তিনি সয়েচেন। তাঁর জীবনের ইতিহাস ছঃখের ইতিহাস। তুঃখ অপমান ভোগ করেচেন কেবল ভারতবর্ষে নয়, দক্ষিণ আফ্রিকায় কত মার তাঁকে মৃত্যুর ধারে এনে ফেলেচে। তার তঃখ নিজের বিষয়-স্থাপের জন্মে নয়, স্বার্থের জন্মে নয়, সকলের ভালোর জন্মে। এই যে এত মার থেয়েচেন, উপ্টে किছু तलन नि कथाना, तांश करतन नि। সমস্ত আঘাত মাথা পেতে নিয়েচেন। শক্ররা আশ্চর্য্য হয়ে গেছে ধৈর্য্য দেখে, মহত্ত দেখে। তার সঙ্কল্প সিদ্ধ হল, কিন্তু জোর-জবরদস্তিতে নয়; ত্যাগের দ্বারা, হুংখের দ্বারা, তপস্থার দ্বারা তিনি জয়ী হয়েচেন। সেই তিনি আজ ভারতবর্ষের তুংখের বোঝা নিজের তুংখের বেগে ঠেলবার জন্ম দেখা किर्यट्टन।

তোমরা সকলে তাঁকে দেখেচ কি না জানি না। কারো কারো হয়তো তাঁকে দেখার সৌভাগ্য ঘটেচে। কিন্তু তাঁকে জানো সকলেই, সমস্ত ভারতবর্ষ তাঁকে জানে। সবাই জানো, সমস্ত ভারতবর্ষ কী রকম করে তাঁকে ভক্তি দিয়েচে, একটি

নাম দিয়েচে—মহাত্মা। আশ্চর্য্য, কেমন করে চিন্লো। মহাত্মা অনেককেই বলা হয়, ভার কোনো মানে নেই। किन्छ এই মহাপুরুষকে যে মহাত্মা বলা হয়েচে, তার মানে আছে। যাঁর আত্মা বড়ো, তিনিই মহাত্মা। যাদের আত্মা ছোটো, বিষয়ে বন্ধ, টাকাকড়ি, ঘর সংসারের চিস্তায় যাদের মন আচ্ছন্ন, তারা দীনাত্মা। মহাত্মা তিনিই, সকলের সুখ তুঃখ যিনি আপনার করে নিয়েচেন, সকলের ভালোকে যিনি আপনার ভালো বলে জানেন। কেননা, হৃদয়ে তাঁর স্থান, তাঁর হৃদয়ে সকলের স্থান। আমাদের শান্ত্রে ঈশ্বরকে বলে মহাত্মা, মর্ত্তালোকে সেই দিব্য ভালোবাসা, সেই প্রেমের ঐশ্বর্যা দৈবাৎ মেলে। সেই প্রেম যার মধ্যে প্রকাশ পেয়েচে তাঁকে আমরা মোটেব উপর এই বলে वृत्यि रिय जिनि ऋन्य नित्य नकलत्क ভालात्रारम्हन। কিন্তু সম্পূর্ণ বুঝতে পারি না, ভালো করে চিনতে একটু বাধা লাগে। বাঁকা হয়ে গেছে আমাদের মন। সভ্যকে স্বীকার করতে ভীক্ষতা দ্বিধা সংশয় আমাদের জাগে। বিনা ক্লেশে যা মানতে পারি, তাই মানি, কঠিনটাকে সরিয়ে রেখে দিই এক পাশে। তাঁর সকলের চেয়ে বড়ো সত্যটাকে নিতে পারলুম না। এইখানেই তাঁকে মারলুম। তিনি এসেচেন, ফিরে গেলেন, শেষপর্যান্ত তাঁকে নিতে পারলুম না।

খৃষ্টানশাস্ত্রে পড়েচি, আচারনিষ্ঠ য়িহুদিরা যীশুখৃষ্টকে শক্রু বলে মেরেছিল। কিন্তু মার কি শুধু দেহের ? যিনি প্রাণ দিয়ে কল্যাণের পথ খুলে দিতে আসেন সেই পথকে বাধাগ্রস্তু করা সেও কি মার নয় ? সকলের চেয়ে বড়ো মার সেই। কী অসহা বেদনা অমুভব করে তিনি আজকের দিনে মৃত্যু-ব্রুত গ্রহণ করেচেন। সেই ব্রুতকে যদি আমরা

স্বীকার করে না নিই, তবে কি তাঁকে আমরা মারসুম না ? আমাদের ছোটো মনের সঙ্কোচ, ভীরুতা আজ লজা পাবে না ? আমরা কি তাঁর সেই বেদনাকে মর্মের মধ্যে ঠিক জায়গায় অমুভব করতে পারব না ? গ্রহণ করতে পারব না তার দান ? এত সঙ্কোচ, এত ভীরুতা আমাদের ? ভীক্ষতার দৃষ্টান্ত তো তাঁর মধ্যে কোথাও নেই। অস্ত নেই তাঁর; মৃত্যুকে তিনি তুচ্ছ করেচেন। কঠিন কারা-গার, তার সমস্ত লোহার শিকল নিয়ে তাঁর ইচ্ছাকে ঠেকাতে পারে নি। সেই তিনি এসেচেন আজ আমাদের মাঝখানে। আমরা যদি ভয়ে পিছিয়ে পড়ি, তবে লজা রাখবার ঠাই থাক্বে না। তিনি আজ মৃত্যু-ব্ৰত গ্ৰহণ করেচেন, ছোটো-বড়োকে এক করবার জন্মে। তাঁর সেই সাহস, তাঁর সেই শক্তি আসুক আমাদের বৃদ্ধিতে, আমাদের কাজে। আমরা যেন আজ গলা ছেড়ে বলতে পারি, তুমি যেয়ো না, আমরা গ্রহণ করলাম তোমার ব্রত। তা যদি না পারি, এত বড়ো জাবনকে যদি বার্থ হতে দিই, তবে তার চেয়ে বড়ো সর্বনাশ আর কী হতে পারে ?

আমরা এই কথাই বলে থাকি, যে বিদেশীরা আমাদের
শক্রতা করচে। কিন্তু তার চেয়ে বড়ো শক্র আছে আমাদের
মজ্জার মধ্যে, সে আমাদের ভীরুতা। সেই ভীরুতাকে জয়
করার জস্ত্রে বিধাতা আমাদের জন্ত শক্তি পাঠিয়ে দিয়েচেন
তাঁর জীবনের মধ্য দিয়ে, তিনি আপন অভয় দিয়ে আমাদের
ভয় হরণ করতে এসেচেন। সেই তাঁর দান-স্থন্ধ তাঁকে আজ
কি আমরা ফিরিয়ে দেব ? এই কৌপীনধারী আমাদের
ঘারে ঘারে আঘাত করে ফিরেচেন, তিনি আমাদের সাবধান
করেচেন কোন্থানে আমাদের বিপদ। মাসুষ যেখানে

মান্থবের অপমান করে মান্থবের গুতি অপমানের বিষ আমরা বইয়ে দিয়েচি ভারতবর্ষের নাড়ীতে নাড়ীতে। হীনতার অসহা বোঝা চাপিয়ে দিয়েচি শত শত নত মস্তকের উপরে, তারই ভারে সমস্ত দেশ আজ ক্লান্ত হুর্বল। সেই পাপে সোজা হয়ে দাঁড়াতে পারচিনে। আমাদের চলবার রাস্তায় পদে পদে পদ্ধকৃত তৈরি করে রেখেচি,—আমাদের সোভাগ্যের অনেকথানি তলিয়ে যাচেচ তারই মধ্যে। এক ভাই আর এক ভাইয়ের কপালে স্বহস্তে কলক লেপে দিয়েচে, মহাআ সইতে পারেন নি এই পাপ।

সমস্ত অন্তঃকরণ দিয়ে শোনো তাঁর বাণী। অনুভব করো, কী প্রচণ্ড তাঁর সন্ধল্লের জোর। আজ তপস্বী উপবাস আরম্ভ করেচেন, দিনের পর দিন তিনি অল্প নেবেন না। তোমরা দেবে না তাঁকে অল্প? তাঁর বাণীকে গ্রহণ করাই তাঁর অল্প, তাই দিয়ে তাঁকে বাঁচাতে হবে। অপরাধ অনেক করেচি, পাপ পুঞ্জীভূত হয়ে উঠেচে। ভাইয়ের সঙ্গে ব্যবহার করেচি দাসের মতো, পশুর মতো। সেই অপমানে সমস্ত পৃথিবীর কাছে ছোটো করে রেখেচে আমাদের। যদি তাদের প্রাপ্য সন্মান দিতাম তা হলে আজ এত তুর্গতি হত না আমাদের। পৃথিবীর অক্য সব সমাজকে লোকে সন্মান করে, ভয় করে, কেননা তারা পরস্পর ঐক্যবদ্ধনে বদ্ধ। আমাদের এই হিন্দুসমাজকে আঘাত করতে অপমান করতে কারো মনে ভয় নেই বার বার তার প্রমাণ পাই। কিসেবজোরে তাদের এই স্পর্দ্ধা সে কথাটা যেন এক মুহূর্ত্ত না ভূলি।

যে সম্মান মহাত্মাজি স্বাইকে দিতে চেয়েচেন, স্বে সম্মান আমরা স্কলকে দেবো। যে পার্বে না দিতে ধিক্ তাকে। ভাইকে ভাই বলে গ্রহণ করতে বাধা দেয় যে সমাজ, ধিক্ সেই জীর্ণ সমাজকে। সব চেয়ে বড়ো ভীরুতা তখনই প্রকাশ পায় যখন সভ্যকে চিন্তে পেরেও মান্তে পারিনে। সে ভীরুতার ক্ষমা নেই।

অভিশাপ অনেকদিন থেকে আছে দেশের উপর।
সেইজন্মে প্রায়শ্চিত্ত করতে বসেচেন একজন। সেই
প্রায়শ্চিতে সকলকে মিলতে হবে, সেই মিলনেই আমাদের
চির-মিলন মুরু হবে। মৃত্যুর বৃহৎ পাত্রে তাঁর প্রায়শ্চিত
তিনি আমাদের সকলের সামনে ধরলেন, এগিয়ে দিলেন
আমাদের হাতের কাছে। গ্রহণ করো সকলে, ক্ষালন করো
পাপ। মঙ্গল হবে। তাঁর শেষ কথা আজ আমি তোমাদের
শোনাতে এসেচি। তিনি দূরে আছেন, কিন্তু তিনি দূরে
নেই। তিনি আমাদের অন্তরেই আছেন। যদি জীবন দিতে
হয় তাঁকে আমাদের জন্মে, তবে অন্ত থাকবে না পরিভাপের।

মাথা হেঁট হয়ে যাবে আমাদের। তিনি আমাদের কাছে যা চেয়েচেন, তা ছরহ, ছঃসাধ্য ত্রত। কিন্তু তার চেয়ে ছঃসাধ্য কাজ তিনি করেচেন, তার চেয়ে কঠিন ত্রত তার। সাহসের সঙ্গে যেন গ্রহণ করতে পারি তাঁর দেওয়া ত্রত। যাকে আমরা ভয় করচি, সে কিছুই নয়। সে মায়া, মিথ্যা। সে সত্য নয়; মানব না আমরা তাকে। বলো আজ স্বাই মিলে, আমরা মানব না সেই মিথ্যাকে। বলো আজ সমস্ত হৃদয় দিয়ে বলো, ভয় কিসের ? তিনি সমস্ত ভয় হরণ করে বসে আছেন। মৃত্যু-ভয়কে জয় করেচেন। কোনো ভয় যেন আজ থাকে না আমাদের। লোকভয়, রাজভয়, সমাজ-ভয় কিছুতেই যেন সঙ্কৃচিত না হই আমরা। তাঁর পথে তাঁরই অয়ুবর্তীহয়ে চলব, পরাভব ঘটতে দেব না তাঁর। সমস্ত

পৃথিবী আজ তাকিয়ে আছে, যাদের মনে দরদ নেই তারা উপহাস করচে। এত বড়ো ব্যাপারটা সত্যই উপহাসের বিষয় হবে যদি আমাদের উপরে কোনো ফল না হয়। সমস্ত পৃথিবী আজ বিশ্বিত হবে যদি তাঁর শক্তির আগুন আমাদের সকলের মনের মধ্যে জ্বলে ওঠে, যদি সবাই বল্তে পারি, জয় হোক্ তপস্বী, তোমার তপস্থা সার্থক হোক্। এই জয়ধ্বনি সমুদ্রের এক পার থেকে পোঁছবে আর এক পারে, সকলে বল্বে, সত্যের বাণী অমোঘ, ধয়্য হবে ভারতবর্ষ। আজকের দিনেও এত বড়ো সার্থকতায় যে বাধা দেবে সে অত্যন্ত হেয়, তাকে তোমরা ভয়ে যদি মানো তবে তার চেয়ে হেয় হবে ভোমরা।

জয় হোক্ সেই তপস্থীর যিনি এই মুহূর্তে বসে আছেন মৃত্যুকে সামনে নিয়ে, ভগবানকে অন্তরে বসিয়ে, সমস্ত ফ্রদয়ের প্রেমকে উজ্জ্বল করে জ্বালিয়ে। তোমরা জয়ধ্বনি করে। তাঁর, তোমাদের কণ্ঠস্বর পৌছক তাঁর আসনের কাছে, কলো তোমাকে গ্রহণ করলেম, তোমার সত্যুকে স্বীকার করলেম।

আমি কীইবা বলতে পারি। আমার ভাষায় জোর কোথায়? তিনি যে ভাষায় বলচেন সে কানে শোনবার নয়, সে প্রাণে শোনবার, মান্তুষের সেই চরম ভাষা, নিশ্চয়ই তোমাদের অস্তুরে পৌছেচে।

আমাদের সকলের চেয়ে বড়ো সৌভাগ্য, পর যখন আপন হয়। সকলের চেয়ে বড়ো বিপদ, আপন যখন পর হয়। ইচ্ছে করেই যাদের আমরা হারিয়েচি ইচ্ছে করেই আজ তাদের ফিরে ডাকো,—অপবাধের অবসান হোক্, অমঙ্গল দূর হয়ে যাক্। মামুষকে গৌরব দান করে মনুষ্যুত্তের সগৌরব অধিকার লাভ করি।

শান্তিনিকেতন এই আশ্বিন ১৩৩১।

পুণা ভ্রমণ *

রবীন্দ্রনাথ ঠাকুর

গভীর উদ্বেগের মধ্যে মনে আশা নিয়ে পুণা অভিমুখে যাত্রা কর্লেম। দীর্ঘপথ, যেতে যেতে আশঙ্কা বেড়ে ওঠে, পৌছে কী দেখা যাবে। বড়ো ষ্টেশনে এলেই আমার সঙ্গী তুজনে খবরের কাগজ কিনে দেন—উৎকণ্ঠিত হয়ে পড়ে দেখি। সুখবর নয়। ডাক্তারেরা বল্চে মহাত্মাজির শরীরের অবস্থা danger zoneএ পৌছেচে। দেহেতে মেদ বা মাংদের উদ্বত এমন নেই যে দীর্ঘকালের ক্ষয় সহা হয়, অবশেষে মাংসপেশী ক্ষয় হতে আরম্ভ করেচে। Apoplexy হয়ে অকস্মাৎ প্রাণহানি ঘটতে পারে। সেই সঙ্গে কাগজে দেখচি দিনের পর দিন দীর্ঘকাল ধরে জটিল সমস্তা নিয়ে তাঁকে স্বপক্ষ প্রতিপক্ষের সঙ্গে গুরুতর আলোচনা চালাতে হচ্চে। শেষ পর্যান্ত হিন্দুসমাজের অন্তর্গত রূপেই অমুন্নত সমাজকে রাষ্ট্রনৈতিক বিশেষ অধিকার দেওয়া বিষয়ে ছই পক্ষকে তিনি রাজি করেচেন। দেহের হুর্বলভাকে জয় করে ভিনি অসাধ্য সাধন করেচেন, এখন বিলেত হতে এই ব্যবস্থা মঞ্র হওয়ার উপর সব নির্ভর করচে। মঞ্র না হওয়ার কোনো সঙ্গত কারণ থাকতে পারে না, কেননা প্রধান মন্ত্রীর কথাই ছিল অনুনত সমাজের

পুণা হইতে প্রত্যাবর্ত্তনের পর আশ্রমবাসীগণের নিকট কথিত।
 ৮ই আশ্বিন রবীক্রনাথ বর্ধমান হইতে বোছাই মেলে শ্রীযুক্ত সুরেক্রনাথ কর ও অমিয়চন্দ্র চক্রবন্তীর সহিত পুণা যাত্রা করেন।

সঙ্গে একযোগে হিন্দুরা যে ব্যবস্থা মেনে নেবে তাকে তিনিও স্বীকার কর্তে বাধ্য।

আশানৈরাশ্যে আন্দোলিত হয়ে ২৬শে সেপ্টেম্বর প্রাতে
আমরা কল্যাণ প্রেশনে পৌছলেম। সেখানে গ্রীমতী বাসস্তী
ও গ্রীমতী উর্মিলার সঙ্গে দেখা হল। তাঁরা অন্য গাড়িতে
কলকাতা থেকে কিছু পূর্ব্বে এসে পৌছেচেন। কাল বিলম্ব
না করে আমাদের ভাবী গৃহস্বামিনীব প্রেরিত মোটরগাড়িতে
চড়ে পুণার পথে চললেম।

পুণার পার্বত্য পথ রমণীয়। পুরদ্বারে যথন পৌছলেম, তথন সামরিক অভ্যাসের পালা চলেচে—অনেকগুলি armoured car, machine gun এবং পথে পথে সৈম্ফদলের কুচকাওয়াজ চোথে পড়ল। অবশেষে শ্রীযুক্ত বিঠলভাই থ্যাকার্সে মহাশয়ের প্রাসাদে গাড়ি থামল। তাঁর বিধবা পত্নী সৌম্যসহাস্থ মুখে আমাদের অভ্যর্থনা করে নিয়ে চল্লেন। সিঁড়ির ত্পাশে দাঁড়িয়ে তাঁর বিভালয়ের ছাত্রীরা গান করে অভিনন্দন জানালেন।

গৃহে প্রবেশ করেই বুঝেছিলেম গভীর একটি আশস্কায় হাওয়া ভারাক্রান্ত। সকলের মুখেই ছশ্চিন্তার ছায়া। প্রশ্ন করে জানলেম মহাত্মাজির শরীরের অবস্থা সঙ্কটাপন্ন। বিলাত হতে তথনও খবর আসেনি। প্রধান মন্ত্রীর নামে আমি একটি জরুরী তার পাঠিয়ে দিলেম।

দরকার ছিল না পাঠাবার। শীন্তই জনরব কানে এল, বিলাত থেকে সম্মতি এসেচে। কিন্তু জনরব সত্য কিনা তার প্রমাণ পাওয়া গেল বহুঘণ্টা পরে।

মহাত্মাজির মৌনাবলম্বনের দিন আজ। একটার পরে কথা বল্বেন। তাঁর ইচ্ছা সেই সময়ে আমি কাছে থাকি। পথে যেতে যারবেদ। জেলের থানিক দূরে আমাদের মোটর গাড়ি আটকা পড়ল—ইংরেজ সৈনিক বললে কোনো গাড়ি এগোতে দেবার হুকুম নেই। আজকের দিনে জেলখানায় প্রবেশের পথ ভারতবর্ষে প্রশস্ত বলেই তো জানি। গাড়ির চতুদ্দিকে নানালোকের ভিড় জমে উঠ্ল।

আমাদের পক্ষ হতে লোক জেলেব কর্তৃপক্ষের কাছে
অন্তুমতি নিতে থানিক এগিয়ে যেতেই শ্রীমান দেবদাস এসে
উপস্থিত—জেল-প্রবেশের ছাড়পত্র তাঁর হাতে। পরে
শুন্লেম মহাত্মাজি তাঁকে পাঠিয়েছিলেন। কেননা তাঁর
হঠাৎ মনে হয় পুলিশ কোথাও আমাদের গাড়ি আটকেচে,
যদিও তার কোনো সংবাদ তাঁর জানা ছিল না।

লোহার দরজা একটার পর একটা খুলল, আবার বন্ধ হয়ে গেল। সামনে দেখা যায় উচু দেয়ালের ওদ্ধাত্য, বন্দী আকাশ, সোজা লাইন-করা বাঁধা রাস্তা, ছটো চারটে গাছ।

তুটো জিনিষের অভিজ্ঞতা আমার জীবনে বিলম্বে ঘটেচে। বিশ্ববিভালয়ের গেট পেরিয়ে ঢুকেচি সম্প্রতি। জেলখানায় প্রবেশে আজ বাধা ঘটলেও অবশেষে এসে পৌছন গেল।

বাঁ দিকে সিঁড়ি উঠে দরজা পেরিয়ে দেয়ালে-ঘেরা একটি অঙ্গনে প্রবেশ করলেম। দূবে দূরে ছ-সারি ঘর। অঙ্গনে একটি ছোটো আমগাছের ঘনছায়ায় মহাত্মাজি শব্যাশায়ী।

মহাত্মাজি আমাকে ছই হাতে বুকের কাছে টেনে নিলেন
——অনেকক্ষণ রাখলেন। বল্লেন, কত আনন্দ হল।

শুভ সংবাদের জোয়ার বেয়ে এসেচি এঞ্চশ্যে আমার ভাগ্যের প্রশংসা করলেম তাঁর কাছে। তখন বেলা দেড়টা। বিলাতের খবর ভারতনয় রাষ্ট্র হয়ে গেছে—রাজনৈতিকের দল তখন সিমলায় দলিল নিয়ে প্রকাশ্য সভায় আলোচনা করছিলেন পরে শুনলেম। খবরের কাগজ্ঞগ্রালারাও জেনেচে। কেবল যাঁর প্রাণের ধারা প্রতি মৃহুর্ত্তে শীর্ণ হয়ে মৃত্যুসীমায় সংলগ্নপ্রায় তাঁর প্রাণসঙ্কট-মোচনের য়থেষ্ট সম্বরতা নেই। অতি দীর্ঘ লাল ফিতের জটিল নিশ্মমভায় বিশ্ময় অমুভব করলেম। সওয়া চারটে পর্যান্ত উৎকণ্ঠা প্রতিক্ষণ বেড়ে চল্তে লাগল। শুনতে পাই দশটার সময় খবর পুণায় এসেছিল।

চতুর্দিকে বন্ধুরা রয়েচেন। মহাদেব, বল্লভভাই, রাজগোপালাচারী, রাজেক্তপ্রসাদ এঁদের লক্ষ্য করলেম। শ্রীমতী কস্তরীবাঈ এবং সরোজিনীকে দেখলেম। জওহর-লালের পত্নী কমলাও ছিলেন।

মহাত্মাজির স্বভাবতঃই শীর্ণ শরীর শীর্ণতম, কণ্ঠস্বর প্রায় শোনা যায় না। জঠরে অমু জমে উঠেচে তাই মধ্যে মধ্যে সোডা মিশিয়ে জল খাওয়ানো হচ্চে। ডাক্তারদের দায়িত্ব অতিমাত্রায় পৌছেচে।

অথচ চিত্তশক্তির কিছুমাত্র হাস হয়নি। চিন্তার ধারা প্রবহমান, চৈতন্ত অপরিশ্রান্ত। প্রায়োপবেশনের পূর্ব্ব হতেই কত ছরহ ভাবনা, কত জটিল আলোচনায় তাঁকে নিয়ত ব্যাপৃত হতে হয়েচে। সমৃদ্রপারের রাজনৈতিকদের সঙ্গেপত্রবহারে মনের উপর কঠোর ঘাত-প্রতিঘাত চলেচে। উপবাসকালে নানান দলের প্রবল দাবী তাঁর অবস্থার প্রতি মমতা করে নি, তা সকলেই জানেন। কিন্তু মানসিক জীর্ণতার কোনো চিহ্নই তো নেই। তাঁর চিন্তার স্বাভাবিক স্বচ্ছ প্রকাশধারায় আবিলতা ঘটেনি। শরীরের কুচ্ছ,সাধনের

[51]

মধ্য দিয়েও আত্মার অপরাজিত উন্তমের এই মূর্ত্তি দেখে আশ্চর্য্য হতে হল। কাছে না এলে এমন করে উপলব্ধি করতেম না কত প্রচণ্ড শক্তি এই ক্ষীণদেহ পুরুষের।

আজ ভারতবর্ষের কোটি প্রাণের মধ্যে পৌছল মৃত্যুর বেদীতলশায়ী এই মহৎ প্রাণের বাণী। কোনো বাধা তাকে ঠেকাতে পারলনা; দূরত্বের বাধা, ইটকাঠপাথরের বাধা, প্রতিকূল পলিটিক্সের বাধা। বহু শতাব্দীর জড়ত্বের বাধা আজ তার সামনে ধূলিকাৎ হোলো।

মহাদেব বললেন, আমার জন্মে মহাত্মাজি একান্তমনে অপেক্ষা করছিলেন। আমার উপস্থিতিদ্বারা রাষ্ট্রিক সমস্থার মীমাংসা সাধনে সাহায্য করতে পারি এমন অভিজ্ঞতা আমার নেই। তাঁকে যে তৃপ্তি দিতে পেরেচি, এই আমার আনন্দ।

সকলে ভিড় করে দাঁড়ালে তাঁর পক্ষে কষ্টকর হবে মনে করে আমরা সরে গিয়ে বস্লেম। দীর্ঘকাল অপেক্ষা করিচ কথন থবর এসে পোঁছবে। অপরাত্নের রৌজ আড় হয়ে পড়েচে ইটের প্রচীরের উপর। এখানে ওখানে হুচারজন শুভ্র খদ্দর-পরিহিত পুরুষ নারী শাস্তভাবে আলোচনা করচেন।

লক্ষ্য করবার বিষয় কারাগারের মধ্যে এই জনতা। কারো বাবহারে প্রশ্রম্কনিত শৈথিলা নেই। চরিত্রশক্তি বিশ্বাস আনে—জেলের কর্তৃপক্ষ তাই শ্রন্ধা করেই এঁদেরকে সম্পূর্ণ স্বাধীনভাবে মেলামেশা করতে দিতে পেরেচেন। এঁরা মহাত্মাজির প্রতিশ্রুতির প্রতিকৃলে কোনো সুযোগ গ্রহণ করেন নি। আত্মর্ম্যাদার দৃঢ়তা এবং অচাঞ্চল্য এঁদের মধ্যে পরিকৃট। দেখলেই বোঝা যায় ভারতের স্বরাজ্য-সাধনার যোগ্য সাধক এঁরা।

অবশেষে জেলের কর্তৃপক্ষ গবর্ণমেন্টের ছাপ-মারা মোড়ক হাতে উপস্থিত হলেন। তাঁর মুখেও আনন্দের আভাস পেলুম। মহাত্মাজি গন্তীরভাবে ধীরে ধীরে পড়তে লাগলেন। সরোজিনীকে বললেম, এখন ওঁর চার পাশ থেকে সকলের সরে যাওয়া উচিত। মহাত্মাজি পড়া শেষ করে বন্ধুদের ডাকলেন। শুনলেম তিনি তাঁদের আলোচনা করে দেখতে বললেন এবং নিজের তরফ থেকে জানালেন কাপজটা ডাক্ডার আম্বেদকরকে দেখানো দরকার, তাঁর সমর্থন পেলে তবেই তিনি নিশ্চিস্ত হবেন।

বন্ধুরা একপাশে দাঁড়িয়ে চিঠিখানি পড়লেন। আমাকেও দেখালেন। রাষ্ট্র-বৃদ্ধিব রচনা, সাবধানে লিখিত সাবধানেই পড়তে হয়। বুঝলেম, মহাত্মাজির অভিপ্রায়ের বিরুদ্ধ নয়। পণ্ডিত হাদয়নাথ কুঞ্জুর পরে ভার দেওয়া হল চিঠিখানার বক্তব্য বিশ্লেষণ করে মহাত্মাজিকে শোনাবেন। তাঁর প্রাঞ্জল ব্যাখ্যায় মহাত্মাজির মনে আর কোনো সংশয় রইল না। প্রায়োপবেশনের ব্রত উদ্যাপন হল।

প্রাচীরের কাছে ছায়ায় মহাত্মাজির শয্যা সরিয়ে আনা হল। চতুর্দিকে জেলের কম্বল বিছিয়ে সকলে বসলেন। লেবুর রস প্রস্তুত করলেন শ্রীমতী কমলা নেহেরু। Inspector General of Prisons—যিনি গবর্ণমেন্টের পত্র নিয়ে এসেচেন—অমুরোধ করলেন রস যেন মহাত্মাজিকে দেন শ্রীমতী কস্তুরীবাই নিজের হাতে। মহাদেব বললেন—"জীবন যথন শুকায়ে যায় করুণা ধারায় এসো"—এই গীতাঞ্জলির গান্টি মহাত্মাজিক শ্রুপ্রিয়। সুর ভূলে গিয়েছিলেম। তখনকার মতো সুর দিয়ে গাইতে হল। পণ্ডিত শ্রামশান্ত্রী বেদ পাঠ করলেন। তারপর মহাত্মাজি শ্রীমতী

কস্তুরীবাইয়ের হাত হতে গীরে ধীরে লেবুর রস পান করলেন। পরিশেষে সবরমতী আশ্রমবাসীগণ এবং সমবেত সকলে "বৈষ্ণব জন কো" গান্টি গাইলেন। ফল ও মিষ্টাল্ল বিতরণ হল—সকলে গ্রহণ করলেম।

জেলের অবরোধের ভিতর মহোৎসব। এমন ব্যাপার আর কখনো ঘটেনি। প্রাণোৎসর্গের যজ্ঞ হল জেলখানার, তার সফলতা এইখানেই রূপ ধারণ করলে। মিলনের এই অকস্মাৎ আবিভূতি অপরূপ মূর্ত্তি একে বলতে পারি যজ্ঞসম্ভবা।

রাত্রে পণ্ডিত হৃদয়নাথ কুঞ্জুরু প্রমুখ পুণার সমবেত বিশিষ্ট নেতারা এসে আমাকে ধরলেন, পরদিন মহাত্মাজির বার্ষিকী উৎসবসভায় আমাকে সভাপতি হতে হবে, মালব্যজীও বোস্বাই হতে আসবেন। মালব্যজীকেই সভাপতি করে, আমি সামাক্ত হুচার কথা লিখে পড়ব এই প্রস্তাব করলেম। শরীরের হুর্বলতাকেও অস্বীকার করে শুভদিনের এই বিরাট জনসভায় যোগ দিতে রাজি না হয়ে পারলেম না।

বিকালে শিবাজি মন্দির নামক বৃহৎ মুক্ত অঙ্গনে বিরাট জনসভা। অতি কষ্টে ভিতরে প্রবেশ করলেম। ভাবলেম অভিমন্ত্যুর মতো প্রবেশ তো হোলো, বেরোবার কী উপায়। মালব্যজী উপক্রমণিকায় স্থান্দর করে বোঝালেন তাঁর বিশুদ্ধ হিন্দী ভাষায়, যে অম্পৃষ্ঠাবিচার হিন্দুশাস্ত্রসঙ্গত নয়। বহু সংস্কৃত শ্লোক আবৃত্তি করে তার যুক্তি প্রমাণ করলেন। আমার কণ্ঠ ক্ষীণ, সাধ্য নেই এত বড়ো সভায় আমার বক্তব্য শ্রুতিগোচর করতে পারি। মুথে মুখে ছচারটি কথা বললেম, পরে রচনা পাঠ করবার ভার নিলেন পণ্ডিতজীর পুত্র গোবিন্দ মালব্য। ক্ষীণ অপরাত্রের আলোকে অদৃষ্টপূর্ব্ব

[54]

রচনা অনর্গল অমন স্থম্পষ্টকণ্ঠে পড়ে গেলেন এতে বিস্মিত হলেম।

আমার সমগ্র রচনা কাগজে আপনারা দেখে থাকবেন।
সভায় প্রবেশ করবার অনতিপুর্বেত তার পাণ্ড্লিপি জেলে
গিয়ে মহাত্মাজির হাতে দিয়ে এসেছিলেম।

মতিলাল নেহেরুর পত্নী কিছু বল্লেন তাঁর ভাতাভাগনীদের উদ্দেশ করে, সামাজিক সাম্যবিধানের ব্রতরক্ষায় তাঁদের যেন একটুও ক্রটি না ঘটে। শ্রীযুক্ত রাজগোপালাচারী, রাজেল্রপ্রসাদ প্রমুখ অক্যান্ত নেতারাও অন্তরের
ব্যথা দিয়ে দেশবাসীকে সামাজিক অশুচি দূর করতে আবাহন
করলেন। সভায় সমবেত বিরাট জনসংঘ হাত তুলে
অম্পৃশ্যতা নিবারণের প্রতিশ্রুতি গ্রহণ করলেন। বোঝা
গোল সকলের মনে আজকের বাণী পৌছেচে। কিছুদিন
পূর্বেও এমন ছ্রাহ সন্ধল্পে এত সহস্রলোকের অনুমোদন
সম্ভব ছিল না।

আমার পালা শেষ হোলো। পরদিন প্রাতে মহাত্মাজির কাছে অনেকক্ষণ ছিলেম। তাঁর সঙ্গে এবং মালব্যজীর সঙ্গে দীর্ঘকাল নানাবিষয়ে আলোচনা হোলো। একদিনেই মহাত্মাজি অপ্রত্যাশিত বল লাভ করেচেন, কণ্ঠস্বর তাঁর দৃঢ়তর, blood pressure প্রায় স্বাভাবিক। অতিথি অভ্যাগত অনেকেই আসচেন প্রণাম করে আনন্দ জানিয়ে যেতে। সকলের সঙ্গেই হেসে কথা কইচেন। শিশুর দল ফুল নিয়ে আসচে, তাদের নিয়ে তাঁর কী আনন্দ। বন্ধুদের সঙ্গে সামাজিক সাম্যবিধান প্রস্কে নানাবিধ আলোচনা চলচে। এখন তাঁর প্রধান চিন্তার বিষয় হিন্দুমুসলমানের বিরোধ ভঞ্জন।

আজ যে মহাত্মার জীবন আমাদের কাছে বিরাট ভূমিকায় উজ্জ্বল হয়ে দেখা দিল, তাতে সর্ব্বমান্থ্যের মধ্যে মহামান্থ্যকে প্রত্যক্ষ করবার প্রেরণা আছে। সেই প্রেরণা সার্থিক হোক ভারতবর্ষের সর্ব্বত্ত।

মুক্তি-সাধনার সত্য পথ মান্থবের ঐক্যসাধনার। রা**ট্রিক** পরাধীনতা আমাদের সামাজিক সহস্র ভেদবিচ্ছেদকে অবলম্বন করেই পুষ্ট।

জড়প্রথার সমস্ত বন্ধন ছিন্ন করে দিয়ে উদার ঐক্যের পথে মানবসভ্যতা অগ্রসর হবে সেই দিন আজ সমাগত।

APPENDIX



সংস্কার সমিতি

मर्क्षज्ञनीन नित्वपन

মকলাচরণ

বেদমন্ত্র

য একোহবর্ণো বহুধা শক্তিযোগাদ্ বর্ণান্ অনেকান্ নিহিতার্থো দধাতি। বিচৈতি চাস্তে বিশ্বমাদৌ স দেবঃ

স নো বুদ্ধা শুভয় সংযুনজ ।—শোতাশতর, ৪, ১।
বঙ্গালুবাদ: — যিনি এক, যাঁর কোনো বর্ণ নেই, যিনি
নানা শক্তিযোগে নানা বর্ণের মানুষের নিজ নিজ প্রয়োজন
বিধান করেন। যিনি সমস্ত কিছুর আদিতেও আছেন
অস্তেও আছেন, তিনি আমাদের দেবতা। তিনি আমাদের
সকলকে শুভবুদ্ধির দারা সংযুক্ত করুন।

আমরা চাই

বহুকাল ধরিয়া আমাদের দেশ পরাভবের পথে চলিয়াছে। আমাদের সমাজে ভিন্ন ভিন্ন শ্রেণীর মধ্যে পরস্পর বাবহারে উপেক্ষা ও অসম্মান এই সাংঘাতিক তুর্গতির কারণ। এইজক্সই মহাত্মা গান্ধী মৃত্যু পণ করিয়া তপস্থায় বসিয়াছেন। সমস্ত দেশবাসীরও প্রাণপণ করিয়া এই অপরাধ দূর করিবার চেষ্টা করা উচিত।

[2]

এখন অবিলম্বে আমাদের এই কয়টি ত্রত গ্রহণ করিতে হইবে—

- ১। কাহাকেও আমরা সামাজিকভাবে হীন মনে করিব না, বা অস্পৃষ্ঠ করিয়া রাখিব না। সকল জাতিকেই আমাদের জল-চল করিয়া লইতে হইবে।
- ২। সাধারণের মন্দির, পূজার স্থান ও জলাশয় সকলের জন্মই সমানভাবে উন্মুক্ত হইবে।
- ৩। বিভালয়, তীর্থক্ষেত্র, সভাসমিতি প্রভৃতিতে কোথাও কাহারও আসিবার কোনো বাধা থাকিবে না।
- ৪। কাহারও জাতি লক্ষ্য করিয়া আত্মসম্মানে আঘাত দিবার অন্থায় ব্যবস্থা সমাজে থাকিতে দিব না।

আমাদের কাজ

হিন্দুসমাজ হইতে অস্পৃশ্যতা দূর করা, ছুর্গতদের মধ্যে শিক্ষাবিস্তার, পরস্পর শ্রদ্ধা দ্বারা সর্ব্ব শ্রেণীর মধ্যে সামাজিক সম্বন্ধকে সত্য করা, জনসাধারণের মধ্যে আত্মশ্রদ্ধা ও আত্মশক্তি উদ্বোধন করার উদ্দেশে বিশ্বভারতী, শ্রীনিকেতন পল্লীসেবাবিভাগের ভিতর দিয়া বহুদিন যাবৎ কাজ করিয়া আসিতেছে। এখন হইতে এ কাজকে আরো ব্যাপক এবং শক্তিশালী করিবার জন্ম নিম্নালিখিত ব্যক্তিগণের দ্বারা গঠিত একটি কেন্দ্রীক্তা সাক্ষাক্র পরিচালনায় বিশ্বভারতীতে সহ ক্ষাক্র সামিতি স্থাপিত হইল।

কেন্দ্রীয় সভার সদস্ত

বিশ্বভারতা কর্ম্মসচিব। শ্রীনিকেতন সচিব। শ্রীনেপালচন্দ্র রায়। শ্রীজগদানন্দ রায়।
শ্রীজিতেন্দ্রনাথ চক্রবর্তী।
শ্রীধীরানন্দ রায়।
শ্রীকালীমোহন ঘোষ—সম্পাদক।
শ্রীসুধীরচন্দ্র কর—সহঃ সম্পাদক।

এতহদেশ্যে অর্থ ইত্যাদি যাবতীয় সাহায্য বিশ্ব-ভারতী কর্মসভিবের নিকট সংগৃহীত থাকিবে। সংস্কার সমিতির কেন্দ্রীয় সভার ব্যবস্থামতো তিনি তাহা ব্যবহাব করিবেন।

সংস্কার সমিতির কার্য্যধারা মোটামুটি এইরূপ :—

> 2 পাল্লী সেলা 1

- (ক) কেন্দ্রীয় সভার অধীনে স্থবিধামতো অক্সাস্থ স্থানেও কয়েকটি গ্রাম লইয়া এক একটি শাখা-কেন্দ্র স্থাপন করা হইবে।
- থে) ঐ শাখা-কেন্দ্র হইতে পারিপার্থিক গ্রামসমূহে সংস্কার সমিতি গড়া এবং তাহার অধীনে হরিসভা স্থাপন করিয়া তাহাতে সপ্তাহেব নির্দ্ধারিত দিনে কীর্ত্তন, পাঠ, কথকতা এবং সংবাদপত্র হইতে দেশের ও তৎপ্রসঙ্গে নিজ গ্রামের অবস্থা পর্যালোচনা। মাঝে মাঝে উৎসব উপলক্ষ্যে সর্বজনীন ভোজের আয়োজন। ঐ সঙ্গে তুর্গতদের ঘনিষ্ঠ সহযোগে, তাহাদেরই সেবার প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া, গ্রামে দিবা ও নৈশবিভালয়, গ্রন্থাগার, স্বাস্থ্য ও সেবা-সমিতি, ব্রতীদল, শালিশী-পঞ্চায়েৎ, সমবায়-সমিতি পরিচালনা, মৃষ্টি-ভিক্ষাসংগ্রহ, আবাস পরিষ্করণ এবং রাস্তাঘাট সংস্কার।

২ । আবাসিক শিক্ষা । বিনা দক্ষিণায় শান্তিনিকেতন ও খ্রীনিকেতনে হুর্গতদের

ছেলে রাখিয়া অক্যান্স ছাত্রদের সহিত সমভাবে শিক্ষা দিয়া তাহাদের মধ্য হইতেই সমিতির ভাবী কন্দী ও কেন্দ্র-পরিচালক তৈরী করা। এই আবাসিক শিক্ষাশ্রমের ছাত্রগণ প্রথম হইতেই যাহাতে আয়করী বৃত্তি শিখিয়া, কাজ করিয়া নিজেদের ব্যয় নিজেরা বহন করে এবং ভবিশ্বতেও উপার্জনক্ষম হয়, সেই ব্যবস্থায় তাহাদিগকে আশ্রমে গ্রহণ করা হইবে।

৩। ব্যাপকভাবের প্রচার এবং সংঘ-সংগটন।

হিন্দুসমাজের বিভিন্ন কেন্দ্রে এবং সমাজের বিভিন্ন শ্রেণীর মধ্যে সভা সম্মেলনের অনুষ্ঠান। ম্যাজিক ল্যান্টার্প সাহায্যে জনসভায় বক্তৃতা। পাঁতি, বিজ্ঞাপন, পুস্তকপুস্তিকা এবং সম্ভবমতো পত্রিকাদি প্রকাশ ও প্রচার। প্রচার কার্য্যে পরিভ্রমণের সঙ্গে সঙ্গে নানাস্থানে সংস্কার সমিতিব শাখা স্থাপন। তদ্মারা স্থায়ীভাবে অস্পৃশ্যতা-পরিহার ও শিক্ষার প্রসারে ত্র্গতদের সামাজিক অধিকার বৃদ্ধির প্রচেষ্টা। ত্র্গতদের সামাজিক অধিকার বৃদ্ধির প্রচেষ্টা। ত্র্গতদের সামাজিক, আর্থিক ও শিক্ষাসম্বন্ধীয় উন্নতির পথে যে সকল অন্তর্বায় আছে তাহার প্রতিকার।

আমরা দেশবাসীদিগকে অস্পৃশ্যতা দূর করিবার জন্ম দেশের সর্ব্বর এইরূপ স্থায়ীকাজের অমুষ্ঠান গড়িতে আহ্বান করিতেছি। দেশহিতৈয়ী কন্মীমাত্রেই এই উদ্দেশ্য সাধনে তৎপর হইয়া অবিলম্বে কাজে অগ্রসর হইবেন, ইহাই আমাদের সনির্ব্বন্ধ অমুরোধ। কে কী ভাবে কোথায় কাজ করিতেছেন, ইহা জানিতে পারিলে আমরা অত্যন্ত উপকৃত ও আনন্দিত হইব। আশা করি প্রয়োজনমতো, সম্পাদক, সংস্কার সমিতি, শ্রীনিকেতন, পোঃ সুকুল, জিঃ বীর্ভুম—এই

ঠিকানায় সকলে পত্রাদি ব্যবহার করিবেন এবং এই কাজে কেহ কিছু অর্থ সাহায্য করিতে চাহিলে,কর্মসচিব, বিশ্বভারতী, পোঃ শান্তিনিকেতন, জিঃ বীরভূম—এই ঠিকানায় তাহা পাঠাইয়া আমাদিগকে বাধিত করিবেন। ইতি ১৫ই অগ্রহায়ণ, ১৩৩৯ সাল।

নিবেদক রবীন্দ্রনাথ ঠাকুর। আচায্য, বিশ্বভারতী।



SAMSKARA SAMITI

GENERAL APPEAL

MANTRA

Ya eko varno bahudha saktiyogat Varnan anekan nihitartho dadhati Vichaiti chante visvamadau sa devah Sa no buddhya subhaya samyunaktu.

Svetasvatara Upanishad.

Translation: He who is one, and who dispenses the inherent needs of all peoples and all times, who is in the beginning and the end of all things, may He unite us with the bond of truth, of common fellowship, of righteousness.

Object of our work:-

We have long been suffering from the grave social inequities which we have allowed to grow unchecked. Mutual distrust and hatred are the root cause of our misery. That is why Mahatma Gandhi has been compelled to resort to the extreme form of penance for our sins—to take the vow of fasting unto death if this curse of social discrimination is not removed from our midst. It is our imperative duty immedia-

tely to eradicate the evils that poison the sources of our humanity.

We resolve that :-

- 1. We shall not look down upon any person as inferior to us in status because of his caste, or the community to which he may belong.
- 2. All public temples, places of worship, schools, and social gatherings, water-tanks etc. will be made accessible to all irrespective of caste and creed. Untouchability in all its forms shall be discarded; we shall be constantly engaged in trying to remove this evil from our neighbourhood, and from all places wherever we may find ourselves.
- 3 We shall tolerate nothing in our society which wounds the feelings of others.

Programme of our work:

The Visvabharati through the Rural Welfare Department of Sriniketan has been for a long time working to remove untouchability from the Hindu Society, to spread education among the depressed classes, to purify and strengthen the relationship between members of the same community and of different communities by arousing amongst them the sense of self-respect and self-determination. With a view to intensify and widen the scope of our work a Samskara Samiti has been founded under the Visvabharati with the following as members of the Central Committee.

Members of the Central Committee:— General Secretary of Visvabharati. Secretary of Sriniketan.

Sj. Nepal Chandra Roy.

- " Jagadananda Roy.
- " Jitendranath Chakravarty.
- " Dhirananda Roy.
- " Kalimohan Ghosh-Secretary.
- " Sudhir Chandra Kar-Asst. Secretary.

All moneys etc. collected for this purpose will be deposited with the General Secretary, Visvabharati. He will distribute help according to the recommendations of the Central Committee.

The tentative programme of our work has been mapped out as follows:—

1. Rural service

- (a) Under the supervision of this Central Committee Sub-centres will gradually be opened in the villages.
- (b) To start Harisabha centres in the villages under the auspices and control of the Samskar Samiti, where villagers can meet each other. On fixed days in the week arrangements will be made there for *Kirtan*, readings from the Scriptures, religious discourses, discussions of current social topics from the newspapers and of local village problems. On special religious occasions, social unions with interdining will be arranged. With such centres as the operating base attempts will

be made with the intimate co-operation of our depressed fellowbeings to start for their own benefit day and night schools, libraries, health societies, Seva samities, village Panchayets, Brati-balaka organisations.

Repairs and cleaning up of public roads and private houses, also door to door collection of funds etc. for such work, will be undertaken.

2, Residential education

A limited number of children from the depressed classes will be given residential education free of charge in the Ashrama school, and efforts will be made to train up from among them workers who can efficiently carry on the programme of social welfare work. The education of these students will include vocational training, so that they can earn their living by skilled work and intelligently help in the progress of their own community.

3. Propaganda and Organisation.

Meetings and social gatherings will be organised in different centres of the Hindu population, and lectures with lantern slides will be arranged for on suitable occasions by our lecturers who will travel in the villages to start centres of the Samskara Samiti. Circulars and pamphlets dealing with social problems will be published and distributed. Spread of accurate information with regard to the true significance of the Hindu scriptures will be undertaken with

the help of authorities on the subject. Gradu ally the sphere of work will be extended and the people will be enlightened as to their rights and privileges both social and civic.

We appeal to our countrymen to take up the work in right earnest and give it a permanent form. Patriotic workers in different places are earnestly requested to devote themselves to this sacred task, and to let us know particulars of their activities. All such communications should be sent to the Secretary, Samskara Samiti, Sriniketan, P. O. Surul, Dist. Birbhum. Contributions in kind or in money should be sent to the General Secretary, Visvabharati, Santiniketan P. O. Birbhum Dist., E. I. Ry. Loop. Dated December 1, 1932.

Rabindranath Tagore

Acharyya, Visvabharati, Santiniketan.